গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
বন্দর, নারায়ণগঞ্জ।

প্রধান শিক্ষকদের অক্টোবর/২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি ঃ উপজেলা শিক্ষা অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ।
স্থান ঃ মদনগঞ্জ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় , বন্দর, নারায়ণগঞ্জ।
তারিখ ঃ ১১.১০.২০২৩ খ্রি.
সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা

অদ্য ১১.১০.২০২৩ খ্রি. তারিখ বেলা ১০.০০ ঘটিকায় উপজেলা শিক্ষা অফিসার মহোদয়ের সভাপতিত্বে মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জ্যেষ্ঠ সহকারী উপজেলা শিক্ষা অফিসার সভার কার্যক্রম শুরু করেন। বিস্তারিত আলোচনা পূর্বক বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন সংক্রান্ত আলোচনায় বিগত কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

সভায় উপস্থিতির স্বাক্ষর পরিশিষ্ঠ - ক তে দেখানো হলো।

আলোচনা ও সিদ্ধান্তসমূহ ঃ

| ক্র. নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | জেলা প্রশাসক নারায়ণগঞ্জ মহোদয়ের উদ্যোগে নারায়ণগঞ্জ জেলার প্রাথমিক শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে গৃহীত কার্যপরিকল্পনা সংক্রান্ত | জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ, মহোদয়ের নারায়ণগঞ্জ জেলার প্রাথমিকশিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে গৃহীত কার্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ মহোদয়ের প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে গৃহীত কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক/ সহকারী শিক্ষক/এস এম সি এর সভাপতি সহ সদস্যবৃন্দ/ পি টি এ এর সভাপতি সহ সদস্যবৃন্দ |
| ২. | ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রাক - প্রাথমিক বরাদ্দ সংক্রান্ত | ২০২৩-২৪ অর্থ বছরের প্রাক প্রাথমিক বরাদ্দ অর্থের মাধ্যমে প্রাক প্রাথমিক শ্রেণির শিখন - শেখানো সামগ্রী ক্রয়/তৈরী/শ্রেণিকক্ষ সজ্জিত করনের বিষয়ে বিস্তারিত আলোচান করা হয়। | প্রতিটি বিদ্যালয়ের প্রধান শিক্ষক নীতিমালার আলোকে কমিটি গঠনপূর্বক ক্রয়সহ সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করে আগামী ১২অক্টোবর ২০২৩ খ্রি. এর মধ্যে এ সংক্রান্ত ভাউচার উপজেলা শিক্ষা অফিসে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক / সংশ্লিষ্ট কমিটি |
| ৩. | PESP-এ ২০২৩ শিক্ষাবর্ষের সুবিধাভোগী শিক্ষার্থীদের নতুন ভর্তিকৃত ডাটা ও শ্রেণি হালনাগাদকরন সংক্রান্ত | PESP-এ ২০২৩ শিক্ষাবর্ষের সুবিধাভোগী শিক্ষার্থীদের নতুন ভর্তি এন্ট্রি ও শ্রেণি হালনাগাদ করনের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | PESP-এ ২০২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নতুন ভর্তি এন্ট্রি ও শ্রেণি হালনাগাদ করন নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক/ সহকারী শিক্ষক |
| ৪. | CRVS- শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি সংক্রান্ত | IPEMIS এর আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে crvs.dpe.gov.bd এই লিংক লগইন এর মধ্যে ২০২৩ সালের শিক্ষার্থীদের তথ্য হালনাগাদ করনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | নির্ধারিত সময়ের মধ্যে ২০২৩ সালের সকল শিক্ষার্থীর তথ্য হালনাগাদকরনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক/ সহকারী শিক্ষক |
| ৫. | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জমি সঠিক ভাবে রেকর্ডভুক্ত করণ সংক্রান্ত | সকল রেকর্ডবর্হিভুত সরকারি/ জাতীয়করণকৃত বিদ্যালয়ের জমি সচিব,প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বরাবর রেকর্ডভুক্ত করণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সরকারি/সদ্য জাতীয়করণকৃত বিদ্যালয়ের রেকর্ডবর্হিভুত জমি রেকর্ডভুক্ত করণের প্রয়োজনীয় কার্যক্রম প্রধান শিক্ষক নিজ দায়িত্বে দ্রুত সম্পন্ন করণের বিষয়ে সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক ও বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটি |
| ৬. | মা সমাবেশ, অভিভাবক সমাবেশ, উঠান বৈঠক ও হোমভিজিট সংক্রান্ত। | প্রতিটি প্রাথমিক বিদ্যালয় নির্ধারিত সময়ে যথাযথভাবে মা সমাবেশ,অভিভাবক সমাবেশ, উঠান বৈঠক ও হোমভিজিট কার্যকর ভাবে করণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | প্রতিমাসে উল্লেখিত কার্যক্রম কার্যকরভাবে সম্পন্ন করে তথ্য ও কার্যবিবরণী এবং হোমভিজিটের কপি এ দপ্তরে প্রেরনের বিষয়ে সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক / সহকারি শিক্ষক |
| ৭. | স্লিপ পরিকল্পনা প্রনয়ন ও অনুমোদন সংক্রান্ত | সকল প্রধান শিক্ষক যথাযথ ও নীতি মালার এবং গাইডলাইনের আলোকে স্লিপ পরিকল্পনা প্রনয়নের বিষয়ে আলোচনা করা হয়। | সকল প্রধান শিক্ষক যথাযথ ও নীতি মালা এবং গাইড লাইনের আলোকে স্লিপ পরিকল্পনা প্রনয়ন করে ১৫ কর্ম দিবসের মধ্যে সংশ্লিষ্ট ক্লাস্টার কর্মকর্তার নিকট জমা দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক / সহকারি শিক্ষক/স্লিপ কমিটি/এস.এম.সি/স্টেক হোল্ডার |
| ৮. | APA (বার্ষিক কর্মসম্পাদন চুক্তি) সংক্রান্ত | বার্ষিক কর্মসম্পাদন APA ( ২০২৩ - ২০২৪) চুক্তি বাস্তবায়ন কৌশল নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বার্ষিক কর্মসম্পাদন (APA) চুক্তি ২০২৩ - ২০২৪ অর্থবছরের কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়ন করা সহ ত্রয়মাসিক প্রতিবেদন আগামী ১৫.১০.২০২৩ তারিখের মধ্যে প্রমাণকসহ এ দপ্তরে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক / সহকারি শিক্ষক |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি জনাব মোঃ রেজাউল করিম, উপজেলা শিক্ষা অফিসার মহোদয় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রেজাউল করিম
উপজেলা শিক্ষা অফিসার